



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
এবং
সিনিয়র সচিব বাণিজ্য মন্ত্রণালয় এর মধ্যে

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

✓

০১ জুলাই ২০১৬ – ৩০ জুন ২০১৭

সূচিপত্র

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র.....	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: টিসিবি'র রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.....	৫
সেকশন ২: টিসিবি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact).....	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).....	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ এবং বাস্তবায়নকারী ও পরিমাপন পদ্ধতি.....	১২
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের ওপর নির্ভরশীলতা	১৩



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Trading Corporation of Bangladesh)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ : ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ প্রধানত চিনি, ভোজ্য তেল ও মশুর ডাল সারা বছর ব্যাপী এবং ছোলা ও খেজুর রমজান মাসে সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করে। তাছাড়া কোন নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য অস্থিতিশীল হয়ে পড়লে সরকারের নির্দেশনা মতে তা আমদানি/স্থানীয় বাজার থেকে ক্রয় করে সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করে। বিগত বছরগুলোতে বাজারে টিসিবি'র উপস্থিতি নিত্যপ্রয়োজনীয় পণ্যসমূহের বাজার মূল্য স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বিশেষ করে রমজান মাসে ও ঈদ-উল-আযহার পূর্বে চিনি, ভোজ্য তেল, মশুর ডাল, ছোলা, খেজুর ও পৈয়াজ নিয়ে সারা দেশব্যাপী টিসিবি'র ভ্রাম্যমান ট্রাকের মাধ্যমে সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী বিক্রয় করে বাজার মূল্য স্থিতিশীল রাখতে সহায়তা করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

পিপিআর এর বাধ্যবাধকতা মেনে নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী ক্রয়ে সময় ও অর্থ উভয়ই বেশী লাগা। টিসিবি'র কোন ঘূর্ণায়মান তহবিল না থাকায় এলটিআর এর ১২%-১৬% সুদ দিয়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে পণ্য ক্রয়ে ক্রয়মূল্য বেড়ে যাওয়া।

ভবিষ্যৎ পরিকল্পনা :

নির্দিষ্ট সংখ্যক নিত্যপ্রয়োজনীয় পণ্যের মোট দেশজ চাহিদার অন্তত ২%-৩% আপদকালীন মজুদ গড়ে তোলা।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- E-GP (Electronic Government Procurement) চালু করণ;
- টিসিবি'র ডিলারদের নিকট পণ্য বরাদ্দ সহজীকরণের জন্য E-DO (Electronic Delivery Order) চালু করণ;
- রংপুর ও মৌলভীবাজারে টিসিবি'র নিজস্ব গুদাম নির্মাণের কাজ আরম্ভ করণ;



উপক্রমিকা (Preamble)

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর চেয়ারম্যান

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর
প্রতিনিধি হিসেবে সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৬
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:



সেকশন ১

টিসিবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

১.১. রূপকল্প (Vision) :

কতিপয় নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজারমূল্য স্থিতিশীল রাখতে সহায়ক ভূমিকা রাখা।

১.২. অভিলক্ষ্য (Mission):

নির্দিষ্ট কিছু সংখ্যক নিত্য প্রয়োজনীয় পণ্যের আপদকালীন মজুদ গড়ে তুলে প্রয়োজনীয় সময়ে ভোক্তা সাধারণের নিকট সরবরাহ করার মাধ্যমে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে সহায়ক ভূমিকা রাখা।

১.৩. কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

১. কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজার স্থিতিশীল রাখা।

১.৪. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic Objectives):

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৫. কর্ম পরিবেশ উন্নয়ন।
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪. কার্যাবলি (Functions):

১. বাজারদর সংগ্রহ এবং ওয়েবসাইটে প্রকাশ।
২. স্থানীয় ও আন্তর্জাতিক বাজার হতে কতিপয় নিত্য প্রয়োজনীয় পণ্য সংগ্রহ।
৩. কতিপয় নির্দিষ্ট নিত্য প্রয়োজনীয় পণ্যের আপদকালীন মজুদ গড়া।
৪. টিসিবি'র ডিলার ও নিজস্ব বিক্রয় কেন্দ্রের মাধ্যমে কতিপয় নিত্য প্রয়োজনীয় পণ্য ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করা।

সেকশন ২

টিসিবি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্ম সম্পাদনের সূচক (Performance Indicators)	একক (Unit)	ভিত্তি বছর (Base Year) ২০১৪-১৫	প্রকৃত অর্জন * ২০১৫-১৬ (১৫-০৬-১৬ পর্যন্ত)	লক্ষ্যমাত্রা Target ২০১৬-১৭	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাস্তসূত্র [Sources of data]
						২০১৭-১৮	২০১৮-১৯		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. দ্রব্য মূল্যের স্থিতিশীলতা	দ্রব্যমূল্যের বাজার স্থিতিশীল রাখা (চিনি/মশুর ডাল/ভোজ্য তেল)	%	৮৩%	৮৪%	১০০%	১০০%	১০০%	বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, আমদানীকারক, ডিলার. স্থানীয় প্রশাসন, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	স্থানীয় /আন্তর্জাতিক বাজার

h

